গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল
www.dshe.rajshahidiv.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০২.৯৯.০০০৫.২৪.১০৩

তারিখ: ২ শ্রাবণ ১৪৩৩ / ১৭ জুলাই ২০২৬

বিষয়: **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন কলেজ পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম ও সাংস্কৃতিক কার্যক্রম বাস্তবায়নের তথ্য প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: মাউশি অধিদপ্তরের স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩১১.২০২১-৬৪০৬; তারিখ: ১৫/০৭/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রমের পাশাপাশি শিক্ষার্থীদের সামগ্রিক বিকাশে সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম ও সাংস্কৃতিক কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। শিক্ষার্থীরা সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম ও সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণ করলে মানসিক ও শারীরিক বিকাশ নিশ্চিত হয়। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে Student's-Parent Meeting শিক্ষক-অভিভাবক-শিক্ষার্থীদের মধ্যে মেলবন্ধন তৈরি করে। সেই লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন কলেজ পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম, সাংস্কৃতিক কার্যক্রম ও Student's-Parent Meeting কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখা অতীব জরুরী। এমতাবস্থায়, মাউশি অধিদপ্তরের আওতাধীন তাঁর জেলার সরকারি/বেসরকারি কলেজ পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম ও সাংস্কৃতিক কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক **(ওয়ার্ড ফাইল NikoshBan ফন্টে ও স্বাক্ষরিত পিডিএফ কপি) প্রতি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের তথ্য** নিম্নস্বাক্ষরকারীর অফিস ই-মেইলে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

তথ্য ছক

| Events Conducted in ..........Month | | Events Planned for .......... Month | |
|---|---|---|---|
| Type of Events | Name of Institutions | Type of Events | Number of Events |
| Cultural | | | |
| Names of Other Activities/Events | | | |
| Student's-Parent Meeting | | | |

১৭-০৭-২০২৬
মো: হুমায়ূন কবীর
পরিচালক

জেলা শিক্ষা অফিসার (সকল), রাজশাহী অঞ্চল, রাজশাহী।

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০২.৯৯.০০০৫.২৪.১০৩/১ (৮)

তারিখ: ২ শ্রাবণ ১৪৩৩ / ১৭ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪। অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি কলেজ, রাজশাহী অঞ্চল, রাজশাহী [পত্রের মর্মানুযায়ী তাঁর প্রতিষ্ঠানের তথ্য প্রদত্ত ছক মোতাবেক প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের তথ্য সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ]।
৫। সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৬। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি.........................।
৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী অঞ্চল, রাজশাহী [তাঁর উপজেলা/থানাধীন সকল সরকারি/বেসরকারি কলেজের তথ্য প্রদত্ত ছক মোতাবেক কম্পাইল করে (ওয়ার্ড ফাইল NikoshBan ফন্টে ও স্বাক্ষরিত পিডিএফ কপি) প্রতি মাসের ০৪ (চার) তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ]।
৮। সংরক্ষণ নথি।

১৭-০৭-২০২৬
মো: হুমায়ূন কবীর
পরিচালক